দৈনিক জনকণ্ঠ

তারিখ 23 JAN 2008
পৃষ্ঠা ৭ কলাম ৭

42
report

### ননএমপিও শিক্ষাপ্রতিষ্ঠান

## শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের থালাবাটি নিয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান

ননএমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ ওই সব শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করার দাবিতে মঙ্গলবার কেন্দ্রীয় শহীদ মিনারে শূন্য থালাবাটি নিয়ে অবস্থান কর্মসূচী পালন করেছে।

শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, ননএমপিও প্রায় ৮ হাজার শিক্ষাপ্রতিষ্ঠান গত ১০ বছর পর্যন্ত কোন বিলভাতা পাচ্ছেন না। এমপিও ভুক্তির জন্য আবেদন করে কোন ফল পায়নি। যার ফলে প্রতিষ্ঠানগুলোর ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে। একই সঙ্গে শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রায় ১৫

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের

(প্রথম পাতার পর)

লাখ শিক্ষার্থীর ভবিষ্যতও অনিশ্চিত হয়ে পড়েছে। তারা উল্লেখ করেন, জোট সরকারের শেষ সময়ে সম্পূর্ণ দলীয়ভাবে ৮টি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হলেও বিভিন্ন টালবাহানা দেখিয়ে অন্য শিক্ষাপ্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত করা হয়নি। দীর্ঘ কয়েক বছর ধরে কোন বেতনভাতা না পাওয়ার কারণে শিক্ষক ও কর্মচারীরা মানবেতর জীবনযাপন করছে বলে বিবৃতিতে উল্লেখ করেন। অনেকে হালের গরু, জমি বিক্রি করে ওই সব শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তুলে নিঃস্ব হয়ে পড়েছেন।— বিজ্ঞপ্তি।